# বাংলাদেশ তৃতীয় শ্রেণী সরকারী কর্মচারী সমিতি

Bangladesh Class-III Govt. Employee's Association

**(একটি অরাজনৈতিক শ্রেণী ভিত্তিক পেশাজীবি সংগঠন)**

## ঢাকা মহানগর কমিটি

অস্থায়ী কার্যালয় ঃ কেন্দ্রীয় ঔষধাগার কর্মচারী সমিতির কার্যালয়,
শহীদ তাজউদ্দিন আহমেদ সরণী(সাত রাস্তার মোড়), তেজগাঁও, ঢাকা

নং- বাতসকস/ঢামক/২০১২/০২(৭৫) তারিখ ঃ ০৭/১০/১২

## সভার কার্যবিবরণী

অদ্য ২৯ সেপ্টেম্বর'২০১২ রোজ শনিবার বিকাল ৩.৩০ ঘটিকায় বাংলাদেশ তৃতীয় শ্রেণী সরকারী কর্মচারী সমিতি, ঢাকা মহানগর কমিটির ২য় সভা কেন্দ্রীয় ঔষধাগার কর্মচারী সমিতির কার্যালয়, শহীদ তাজউদ্দিন আহমেদ সরণী(সাত রাস্তার মোড়), তেজগাঁও, ঢাকায় অনুষ্ঠিত হয়।

ঢাকা মহানগর কমিটির সভাপতির সম্মতিক্রমে সভায় সভাপতিত্ব করেন বাংলাদেশ তৃতীয় শ্রেণী সরকারী কর্মচারী সমিতি, ঢাকা মহানগর কমিটির কার্যকরী সভাপতি জনাব মোঃ হারুন উর রশীদ। সভার সভাপতি ও সাধারণ সম্পাদকের সম্মতিক্রমে সভা পরিচালনার দায়িত্ব পালন করেন যুগ্ম-সাধারণ সম্পাদক জনাব মোঃ জুলফিকার হায়দার ।

পবিত্র কোরআন থেকে তেলোয়াতের মাধ্যমে সভার কার্যক্রম শুরু করা হয়। পবিত্র কোরআন থেকে তেলোয়াত করেন কেন্দ্রীয় ঔষধাগার জামে মসজিদের মুয়াজ্জিন হাফেজ জনাব মোঃ ইউসুফ।

আলোচ্যসূচী ঃ (ক) পূর্ববর্তী সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন (খ) ০১/০৯/২০১২ ইং তারিখের সভায় গৃহীত সিদ্ধান্তাবলী বাস্তবায়ন সম্পর্কে আলোচনা ও প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ (গ) বিবিধ।

সভার প্রারম্ভে বিগত ০১/০৯/২০১২ তারিখের সভার কার্যবিবরণী পাঠ করেন যুগ্ম-সাধারণ সম্পাদক জনাব মোঃ জুলফিকার হায়দার। সভায় সর্বসম্মতিক্রমে বিগত সভার কার্যবিবরণী অনুমোদন করা হয়। সভায় আলোচ্যসূচী ভিত্তিক বক্তব্য উপস্থাপন করার জন্য যুগ্ম-সাধারণ সম্পাদক জনাব মোঃ জুলফিকার হায়দার উপস্থিত নেতৃবৃন্দকে আহ্বান করেন। বিগত ০১/০৯/২০১২ তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক সমিতির সভাপতি জনাব মোঃ আব্দুল মান্নান হাজারভী ও সাধারণ সম্পাদক জনাব মোঃ রমিজ উদ্দিন মাঝি ঢাকা মহানগর আঞ্চলিক কমিটি গঠন ও সকল দপ্তর/অধিদপ্তরে বাংলাদেশ তৃতীয় শ্রেণী সরকারী কর্মচারী সমিতির কার্যক্রম সম্প্রসারণ করার লক্ষ্যে সেপ্টেম্বর'২০১২ ইং মাসে বিভিন্ন অঞ্চলে গমন করেন এবং যে সাংগঠনিক কার্যক্রম পরিচালনা করেন, তাহা সভায় উপস্থাপন করেন। আলোচ্যসূচী ভিত্তিক বক্তব্য উপস্থাপন করেন সমিতির সম্মানিত নির্বাহী সদস্য সর্বজনাব মোঃ হাবিবুর রহমান, মোঃ আজিজুল ইসলাম, চৌধুরী লূৎফর রহমান, মোঃ ইস্কান্দার আলী খান, প্রচার ও প্রকাশনা সম্পাদক জনাব মোঃ মনির হোসেন, দপ্তর সম্পাদক জনাব মোঃ আশরাফুল ইসলাম, অর্থ সম্পাদক জনাব মোঃ মাহাবুব হক তালুকদার, যুগ্ম-সাধারণ সম্পাদক সর্বজনাব মোঃ শফিউল বাসার, মোঃ আহসান উল্লাহ তুহিন,অঞ্চল-২ সদস্য সচিব জনাব মোঃ রেজাউল হক, আহ্বায়ক জনাব মোঃ আব্দুল ওয়াদুদ, অঞ্চল-৮ এর সাধারণ সম্পাদক জনাব মোঃ ফারুক হোসেন, অঞ্চল-১০ এর সাধারণ সম্পাদক জনাব মোঃ হুমায়ুন কবীর, সহ-সভাপতি সর্বজনাব মোঃ সাইদুর রহমান, মোঃ খতিবুর রহমান, মোঃ নজরুল ইসলাম, মোঃ ওবায়দুল হক, আবুল কালাম আজাদ, অঞ্চল-৮ এর সভাপতি জনাব মোঃ সেলিম উল্লাহ, সমিতির সাধারণ সম্পাদক জনাব মোঃ রমিজ উদ্দিন মাঝি ও সভাপতি জনাব মোঃ আব্দুল মান্নান হাজারভী ।

চলমান পাতা-২

মহানগর কমিটির সভাপতি জনাব মোঃ আব্দুল মান্নান হাজারভী সাংগঠনিক কার্যক্রম পরিচালনাকালে হঠাৎ অসুস্থ্য হওয়ার প্রেক্ষিতে খোজ-খবর নেয়ার জন্য কেন্দ্রীয় নির্বাহী পরিষদের সভাপতি ও মহা-সচিবের প্রতি কৃতজ্ঞতা ও ধন্যবাদ জ্ঞাপন করেন।

সভার শেষপ্রান্তে কেন্দ্রীয় কমিটির সহ-সভাপতি জনাব মোঃ ইব্রাহিম খলিল সভাস্থলে উপস্থিত হইলে মহানগর কমিটির সভাপতিসহ উপস্থিত নেতৃবৃন্দ তাঁহাকে করতালির মাধ্যমে স্বাগত জানান এবং সভার সভাপতির অনুরোধে তিনি সংক্ষিপ্ত বক্তব্য রাখেন। তিনি মহানগর কমিটির সাংগঠনিক কার্যক্রমের অগ্রযাত্রার ভূয়সী প্রশংসা করেন।

সভায় উপরোক্ত বক্তাগণ অক্টোবর'২০১২ মাসের মধ্যে সকল অঞ্চলে পূর্ণাংগ আঞ্চলিক কমিটি গঠন এবং আগামী ডিসেম্বর'২০১২ তারিখের মধ্যে ঢাকা মহানগরীতে অবস্থিত সকল সরকারী দপ্তরে কর্মরত তৃতীয় শ্রেণী কর্মচারীগণকে বাংলাদেশ তৃতীয় শ্রেণী সরকারী কর্মচারী সমিতিতে সম্পৃক্ত করার কার্যকরী পদক্ষেপ গ্রহণের লক্ষ্যে বক্তব্য ও পরামর্শ প্রদান করেন। সাধারণ সম্পাদক জনাব মোঃ রমিজ উদ্দিন মাঝি অঞ্চল-১০(শেরে বাংলানগর-আগারগাঁও) এর পূর্ণাংগ কমিটি গঠনের বিষয়টি সভাকে অবহিত করেন। বাংলাদেশ তৃতীয় শ্রেণী সরকারী কর্মচারী সমিতি এবং ঢাকা মহানগর কমিটিকে শক্তিশালী সংগঠন হিসেবে গড়ে তোলার লক্ষ্যে নিম্নে বর্ণিত প্রস্তাবনা পেশ করেন।

(০১) সভাপতির ঘোষণা অনুযায়ী সমিতিকে শক্তিশালী সংগঠনে রূপান্তরিত করার লক্ষ্যে মহানগর কমিটির সকলকে নিজ নিজ কর্মস্থল ও তার এলাকায় অবস্থিত সকল সরকারী দপ্তরসমূহে কর্মরত তৃতীয় শ্রেণী কর্মচারীদের সহিত যোগাযোগ রক্ষা ও সমিতির কার্যক্রম সম্পর্কে অবহিত করা।

(০২) অক্টোবর'২০১২ তারিখের মধ্যে ১১টি অঞ্চলে সভা অনুষ্ঠান ও পূর্ণাংগ আঞ্চলিক কমিটি গঠনের পদক্ষেপ গ্রহণ করা।

(০৩) মহানগর কমিটির সদস্যদের মধ্যে সমিতির গঠনতন্ত্র ও সমিতির দাবীনামার কপি বিতরণ করা।

(০৪) মহানগর কমিটির শূন্য পদসমূহে মনোনয়ন প্রদানে কেনিপকে অনুরোধ করা।

(০৫) সংগঠনের নেতৃবৃন্দের একে অন্যের সমস্যা ও বিপদে সাহায্যের হাত সম্প্রসারিত করা।

(০৬) মাসিক সভা বিকাল ৪.০০ঘটিকা হইতে ৬.০০ ঘটিকা পর্যন্ত সময়সীমা নির্ধারণ করা।

(০৭) মহানগর নেতৃবৃন্দকে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর তৃতীয় শ্রেণীর কর্মচারী নেতৃবৃন্দের সাথে যোগাযোগ ও গমনের প্রস্তাব করা হয়।

(০৮) পরবর্তী মাসিক সভা আগামী ১০/১১/২০১২ তারিখে নির্ধারণ করা।

(০৯) আর্থিক সহযোগিতা এবং মাসিক চাঁদা দ্রুত পরিশোধ করা।

(১০) গণ মাধ্যমের সাথে নিয়মিত যোগাযোগ করা।

(১১) আঞ্চলিক কমিটিগুলোর তালিকা সাধারণ সম্পাদকের নিকট অনতিবিলম্বে প্রেরণের অনুরোধ করা।

(১২) সমিতির স্থায়ী কার্যালয় স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা করা।

(১৩) বাংলাদেশ তৃতীয় শ্রেণী সরকারী কর্মচারী সমিতির সকল স্তরের নেতৃবৃন্দ ও সাধারণ সদস্যের ডাটা বেস তৈরী ও সংরক্ষণ করা।

চলমান পাতা-৩

সভায় নেতৃবৃন্দের বিষয় ভিত্তিক ও গঠনমূলক আলোচনা ও পরামর্শ পর্যালোচনার পর সর্বসম্মতিক্রমে নিম্ন বর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয় ঃ-

## গৃহীত সিদ্ধান্তাবলী ঃ

(০১) সভাপতি কর্তৃক ঘোষিত আগামী ৩১ ডিসেম্বর-২০১২ এর মধ্যে ঢাকা মহানগরীতে অবস্থিত সকল সরকারী দপ্তরসমূহে কর্মরত তৃতীয় শ্রেণীর কর্মচারীদেরকে বাংলাদেশ তৃতীয় শ্রেণী সরকারী কর্মচারী সমিতির অন্তর্ভূক্তকরণ এবং ডিসেম্বর-২০১২ এর মধ্যে মহানগর কমিটির সাধারণ সভা সফলভাবে বাস্তবায়ন করার লক্ষ্যে এই সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় ।

(০২) এখনও পর্যন্ত যে সকল অঞ্চলে পূর্ণাঙ্গ কমিটি গঠন করা হয় নাই, সে সকল অঞ্চলগুলোতে আগামী ৩১/১০/২০১২ তারিখের মধ্যে পূর্ণাঙ্গ কমিটি গঠন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

(০৩) মহানগর কমিটিকে আর্থিকভাবে স্বচ্ছল ও স্বাবলম্বী করার নিমিত্তে নিয়মসিদ্ধভাবে সকল সদস্যগণ হইতে নির্ধারিত হারে মাসিক চাঁদা দ্রুত আদায় করার সিদ্ধান্ত গৃহীত হয়।

(০৪) পরবর্তী মাসিক সভা আগামী ১০/১১/২০১২ ইং তারিখে অনুষ্ঠানের সিদ্ধান্ত গৃহীত হয়।

অদ্যকার সভার সভাপতি উপস্থিত সকলকে আপ্যায়ন করায় মহানগর কমিটির সভাপতি জনাব মোঃ আবদুল মান্নান হাজারভী তাহাকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

পরিশেষে সভার সভাপতি সকলকে দীর্ঘক্ষণ সভায় উপস্থিত থাকিয়া ধৈর্য্য সহকারে বক্তব্য শ্রবন, মূল্যবান মতামত প্রদান এবং সিদ্ধান্ত গ্রহণে সহযোগিতা প্রদানের জন্য সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করতঃ সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৭/১০/১২

(মোঃ হারুন উর রশীদ)
সভার সভাপতি
০১৭১১-০২১০৬১

নং- বাতৃসকস/ঢামক/২০১২/০২(৭৫) তারিখ ঃ ০৭/১০/১২

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ-

০১। সভাপতি/মহা-সচিব, কেন্দ্রীয় নির্বাহী পরিষদ, বাংলাদেশ তৃতীয় শ্রেণী সরকারী কর্মচারী সমিতি ।

০২।জনাব/জনাব মোঃ মতিবুর রহমান, সহ-সভাপতি,
ঢাকা মহানগর কমিটি, বাংলাদেশ তৃতীয় শ্রেণী সরকারী কর্মচারী সমিতি।

০৩। সভাপতি/সাধারণ সম্পাদক/আহবায়ক/সদস্য-সচিব, আঞ্চলিক কমিটি, (অঞ্চল নং..........) বাংলাদেশ তৃতীয় শ্রেণী সরকারী কর্মচারী সমিতি।

০৪। জনাব/জনাবা ..............................................................

০৫। অফিস কপি।

০৭/১০/১২

(মোঃ রমিজ উদ্দিন মাঝি)
সাধারণ সম্পাদক
০১৫৫২-৪০১৮৯৩
০১৭১২-৩০৭৮৭৩